# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্লট : এফ-১৮/এ , শের-ই-বাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

## জিটিসিএল এর ৭৫তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শাহনেওয়াজ পারভেজ<br>ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল |
| তারিখ | : | ২৯-০২-২০২৪ |
| সময় | : | বেলা ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | জিটিসিএল কনফারেন্স রুম |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৭৪তম মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। এছাড়া, উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিতকরণসহ নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১। | **কোম্পানিতে ই-নথি/ডি-নথির ব্যবহার প্রসঙ্গে:**<br>সভাপতি কোম্পানিতে ই-নথিতে নিষ্পত্তিকৃত নোট সংখ্যার হালনাগাদ তথ্যাদির বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২৪ মাসে ই-নথিতে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা ১০৭৬টি এবং হার্ড কপিতে নিষ্পত্তিকৃত নোট সংখ্যা ২০টি। ই-নথিতে নিষ্পত্তিকৃত নোটের হার=৯৮.১৭ শতাংশ।<br>মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস) জিটিসিএল এ ডি-নথির প্রচলন কবে নাগাদ শুরু হবে জানতে চাইলে, উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) বলেন ই-নথি হতে ডি-নথিতে স্থানান্তরের বিষয়টি এটুআই এর উপর নির্ভরশীল বিধায় ই-নথি হতে ডি-নথিতে স্থানান্তরের বিষয়ে a2i হতে সময়সীমা উল্লেখপূর্বক জিটিসিএল-কে জানানো হবে মর্মে তিনি সকলকে অবহিত করেন।<br><br>বিস্তারিত আলোচনান্তে ই-নথির ব্যবহারে কোম্পানির এ ধরনের সন্তোষজনক অগ্রগতি অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। | ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কোম্পানিতে ৯৫ শতাংশের অধিক ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে। | - সকল মহাব্যবস্থাপক<br>-সকল উপমহাব্যবস্থাপক<br>-সকল প্রকল্প পরিচালক |
| ১.২। | **জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির নামজারি প্রসঙ্গে।**<br>সভাপতি এ বিষয়ে জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২৪ মাসের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট) সভাকে অবহিত করেন যে, গত ২ মাসে ৭.৬৪৪০ একর ভূমির নামজারি সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ১১.১১৭৫ একর আবেদনকৃত ভূমির নামজারি প্রক্রিয়া চলমান রয়েছে। এ পরিপ্রেক্ষিতে, ফেব্রুয়ারি-২০২৪ পর্যন্ত জিটিসিএল এর নামজারিকৃত (আরএস ও বিএস) মোট ভূমির পরিমান ৬৩৩.৩৭৯৬ একর।<br><br>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির ই-নামজারি কার্যক্রম নিয়মিত মনিটরিং এর মাধ্যমে অবশিষ্ট ভূমির নামজারির কাজ সম্পন্নের জন্য সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্টকে নির্দেশনা প্রদান করেন। | জিটিসিএল-এর অধিগ্রহণকৃত ভূমির ই-নামজারি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিবিড় যোগাযোগ রক্ষাকরতঃ অবশিষ্ট ভূমির নামজারি সম্পন্ন করতে হবে। | -মহাব্যবস্থাপক (এইচ আর) ও<br>-সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সেল প্রধান<br>-উপ-মহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট) |

Scanned with CamScanner

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৩। | **অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ প্রসঙ্গে:**<br>পাইপলাইন পথস্বত্ত এর উপর নির্মিত অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের অগ্রগতি সম্পর্কে সভাপতি জানতে চান।<br>এ বিষয়ে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) বলেন, এ সংক্রান্ত ৭টি কমিটির মাধ্যমে উচ্ছেদ কার্যক্রম চলমান রয়েছে। কমিটিসমূহের সামগ্রিক কার্যক্রমের ফলশ্রুতিতে ২০২৩ সালের ডিসেম্বরের শেষে মোট ৩৩২টি অবৈধ স্থাপনা ছিল। জানুয়ারি, ২০২৪ সময়কালে মোট ০১টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। বর্তমানে অবশিষ্ট অবৈধ স্থাপনার সংখ্যা ৩৩১টি।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি এ সংক্রান্ত ৭টি কমিটিকেই অধিক তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন এবং নতুন কোন অবৈধ স্থাপনা যেন সৃষ্টি করতে না পারে তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।<br>তিনি কোম্পানির অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রমের সামগ্রিক হালনাগাদ তথ্যাদি সংবলিত একটি প্রতিবেদন আগামী ১৫ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে তার কাছে দাখিলের জন্য মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের লক্ষ্যে গঠিত কমিটিসমূহকে সর্বদা সচেষ্ট থাকতে হবে।<br>(খ) অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রমের সামগ্রিক হালনাগাদ তথ্যাদি সংবলিত একটি প্রতিবেদন ১৫ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক-এর নিকট দাখিল করতে হবে। | -সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ<br>-উচ্ছেদ কমিটিসমূহের আহবায়ক/সদস্য/সদস্য -সচিব<br>-সংশ্লিষ্ট স্থাপনা প্রধানগণ<br>-মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট)<br>-মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) |
| ১.৪। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তির 5 Tools সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে:**<br>সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স ও ইনোভেশন এবং সিটিজেন চার্টার এর সমন্বয়ে গঠিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন সম্পর্কিত কার্যক্রমের বিষয়ে হালনাগাদ তথ্যাদি জানতে চান।<br>এ প্রসঙ্গে APA এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা Power Point Presentation এর মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ-বছরের জন্য প্রণীত এপিএ-এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সংবলিত তথ্যাদি সভাকে অবহিত করেন।<br>সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স ও ইনোভেশন, তথ্য অধিকার এবং সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব কর্ম পরিকল্পনা ও অগ্রগতি সভাকে অবহিত করেন।<br>সভাপতি এপিএ এবং 5 Tools সম্পর্কিত কার্যক্রমের প্রমাণক পেট্রোবাংলায় প্রেরণের ক্ষেত্রে অধিকতর সতকর্তা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। প্রমাণকসমূহ প্রেরণের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, প্রমাণক/প্রতিবেদনসমূহ যথাসময়ে ও যথানিয়মে ওয়েবসাইটে আপলোডের বিষয়টি নিশ্চিতকরণের জন্যও তিনি সভায় গুরুত্ব আরোপ করেন।<br>গত ২০২২-২০২৩ অর্থবছরে চূড়ান্ত মূল্যায়নে পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে জিটিসিএল ২য় স্থান অর্জন করায় APA এবং 5 Tools সম্পর্কিত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে একটি সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের জন্য মহাব্যবস্থাপক (এইচ আর) ও টিম লিডার, এপিএ প্রস্তাব উত্থাপন করলে সভাপতি তাতে সম্মতি প্রদান করেন।<br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি ২০২৩-২০২৪ অর্থবছরে পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে ১ম স্থান অর্জনের লক্ষ্যমাত্রা নিয়ে এপিএ এবং 5 Tools সম্পর্কিত কার্যক্রম সর্বাধিক গুরুত্বের সাথে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | (ক) ২০২৩-২০২৪ সালের এপিএ তে ১ম স্থান অর্জনের লক্ষমাত্রা নির্ধারণ করে প্রণীত রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(খ) 5 Tools সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় প্রমাণক যথাসময়ে প্রেরণকরতঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।<br>(গ) ২০২২-২০২৩ অর্থবছরে চূড়ান্ত মূল্যায়নে পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে জিটিসিএল ২য় স্থান অর্জন করায় APA এবং 5 Tools সম্পর্কিত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে একটি সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -টিম লিডার, এপিএ টিম<br>-ফোকাল পয়েন্ট, এপিএ টিম<br>-5 Tools সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>-ফোকাল পয়েন্ট, এপিএ<br>-মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) |

Scanned with CamScanner

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৫। | **ই-আরপি সিস্টেমে বিদ্যমান সমস্যা নিরসন প্রসঙ্গে:**<br><br>সভাপতি কোম্পানিতে বাস্তবায়িত ইআরপি সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, কোম্পানিতে ইআরপি সিস্টেম সচল ও কার্যক্ষম রাখতে দক্ষ ও প্রশিক্ষিত জনবল তৈরির কোন বিকল্প নেই। সুপ্রশিক্ষিত জনবল দ্বারা Dedicateভাবে ইআরপি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তাদেরকে যথাযথ প্রণোদনা ও প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং যথাযথ পরিকল্পনা ব্যতীত সহসাই অন্য কোথাও বদলি করার প্রবনতা রোধ করতে হবে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।<br><br>এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (অপারেশন) বলেন, বর্তমান প্রেক্ষাপটে BASIS, ABAP ও Hardware টিমের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কম্পিউটার সায়েন্স ব্যাকগ্রাউন্ডের উদ্যোমী ও কর্মদক্ষ জনবলকে বাছাইকরতঃ উক্ত টিমগুলোতে অন্তর্ভুক্ত করতে হবে এবং তাদেরকে যথাযথ প্রনোদনা প্রদানের ব্যবস্থা করতে হবে।<br><br>মহাব্যবস্থাপক (হিসাব) বলেন, ২০১৭ সাল হতে নিরলস প্রচেষ্টার মাধ্যমে ইআরপি বাস্তবায়ন করা হয়েছে এবং বিগত ২টি অর্থবছরের চূড়ান্ত হিসাব ইআরপি সিস্টেমে সফলভাবে সম্পন্ন করা হয়েছে। এ সফলতার ধারাবাহিকতা ধরে রাখতে FICO টিমসহ অন্যান্য টিমকে যথাযথ প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি আহবান জানান।<br><br>সভাপতি বলেন পেট্রোবাংলা ও অধীনস্থ কোম্পানিসমূহের মধ্যে একমাত্র জিটিসিএলই সফলভাবে ইআরপি বাস্তবায়নে সক্ষম হয়েছে। সাফল্যের এই অগ্রযাত্রার ধারাবাহিকতা বজায় রাখার জন্য সকলকে ধন্যবাদ জানান এবং সর্বদা সচেষ্ট থাকার জন্য তিনি আহবান জানান। | (ক) ইআরপি সিস্টেম সফলভাবে পরিচালনার জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনবল তৈরির লক্ষ্যে যথাযথ প্রশিক্ষণ ও প্রণোদনা প্রদান করতে হবে।<br><br>(খ) ইআরপি ফাংশনাল টিম-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে বদলির ক্ষেত্রে আইসিটি ডিপার্টমেন্টের মতামত গ্রহণ করতে হবে।<br><br>(গ) BASIS, ABAP ও Hardware টিমের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কম্পিউটার সায়েন্স ব্যাকগ্রাউন্ডের উদ্যোমী ও কর্মদক্ষ জনবলকে বাছাইকরতঃ উক্ত টিমগুলোতে অন্তর্ভুক্ত করতে হবে। | -মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>-মহাব্যবস্থাপক (এইচ আর)<br>-মহাব্যবস্থাপক (হিসাব)<br>-মহাব্যবস্থাপক (অপারেশন)<br><br>-উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)<br>-ব্যবস্থাপক (ইআরপি) |
| ১.৬। | **স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে:**<br><br>সভাপতি কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি জানতে চাইলে মহাব্যবস্থাপক (এইচ আর) বলেন, কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে গঠিত কমিটিসমূহ নিয়মিত তাদের কার্যক্রম পরিচালনা করছেন।<br><br>তিনি আরও বলেন, Asset Tracking এর মাধ্যমে মনিটরিং ব্যবস্থা চালুর জন্য বোর্ডের সিদ্ধান্ত থাকলেও নানাবিধ জটিলতার কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।<br>এ প্রসঙ্গে উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, পাইলট প্রকল্প হিসেবে ধাপে ধাপে Asset Tracking মনিটরিং সিস্টেম বাস্তবায়নের জন্য ইতোমধ্যে কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব করা হয়েছে এবং এ সংক্রান্ত Cost Estimate কমিটি গঠন করা হয়েছে।<br><br>বিস্তারিত আলোচনান্তে, সভাপতি কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে গঠিত কমিটিকে নিয়মিত প্রতিবেদন দাখিলসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বসহকারে মনিটরিং এর জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) কেপিআইসহ সকল স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকল্পে গঠিত কমিটিসমূহকে নিয়মিত প্রতিবেদন দাখিলসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বসহকারে মনিটরিং করতে হবে।<br><br>(খ) Asset Tracking এর মাধ্যমে মনিটরিং ব্যবস্থা দ্রুত বাস্তবায়ন করতে হবে। | -মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট/ওয়েস্ট)<br>-মহাব্যবস্থাপক (কম্প্রেসর)<br>-মহাব্যবস্থাপক (এইচ আর)<br>-মহাব্যবস্থাপক (অপারেশন)<br><br>-উপ-মহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট)<br>-উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) |

Scanned with CamScanner

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৭। | **কোম্পানির সঞ্চালন কার্যক্রম পরিচালনায় সিস্টেম লস দূরীকরণ প্রসঙ্গে:**<br>সভাপতি কোম্পানির সিস্টেম লস দূরীকরণে গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (অপারেশন) বলেন, গত ১২-০২-২০২৩ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ট্রান্সমিশন পয়েন্টে স্থাপিত মিটারসমূহের যৌথ স্বাক্ষরে প্রণীত মিটার রিডিং অনুযায়ী মাসিক গ্যাস বিভাজন প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে এবং সে অনুযায়ী জানুয়ারি-২০২৪ মাসে জিটিসিএল এর সিস্টেম লস ২.৬৫%।<br><br>বিদ্যমান সিস্টেম লস কমানোর জন্য কতিপয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা চলমান। তন্মধ্যে উল্লেখযোগ্য অগ্রগতিসমূহ নিম্নরূপ:<br>▪ গত ০২-০৮-২০২৩ তারিখ অফিস আদেশ নং ১৭৫/২০২৩ এর মাধ্যমে উৎপাদন ও বিতরণ কোম্পানির এলাকাভিত্তিক জিটিসিএল-এর মহাব্যবস্থাপকগণের নেতৃত্বে ৭ টি কমিটি গঠন করা হয়েছে।<br>▪ সিস্টেম লস হ্রাসকরণের জন্য গঠিত কমিটিসমূহ কর্তৃক ইনটেক ও অফট্রান্সমিশন মিটারসমূহের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>▪ কমিটিসমূহ কর্তৃক অফট্রান্সমিশন পয়েন্টে বিতরণ কোম্পানির সাথে সমন্বয় করে অরিফিস মিটার পরীক্ষাকরন ও ফ্লো-কম্পিউটার কনফিগারেশন ডাটার সঠিকতা নিরুপণ করা হয়েছে।<br>▪ অফ ট্রান্সমিশন পয়েন্ট-এ মিটারিং স্টেশন ও মডিফিকেশন প্রকল্পে অফটেক পয়েন্টে মিটার স্থাপন ও মিটার বিহীন লাইনকে জিটিসিএল-এর বিদ্যমান মিটারিং সিস্টেমের সাথে Tie-in সংক্রান্ত কাজ চলমান রয়েছে।<br>▪ বিতরণ কোম্পানির সাথে সমন্বয় করে মাসিক ক্যালিব্রেশন কার্যাদি, বাইপাস লাইন অপসারণ বা মিটার স্থাপনের অনুরোধ করা হয়েছে। এছাড়া, ইভিসিবিহীন টারবাইন মিটারের সাথে ইভিসি স্থাপনের জন্য বিতরণ কোম্পানিকে অনুরোধ করা হয়েছে।<br><br>তিনি আরও অবহিত করেন যে, কারিগরি লস হ্রাস করানোর লক্ষ্যে পেট্রোবাংলা কর্তৃক পরিচালক (অপারেশন এন্ড মাইন্স)-কে আহবায়ক করে গঠিত কমিটি বিতরণ কোম্পানি ও সঞ্চালন পাইপলাইনের ইনটেক ও অফটেক পয়েন্ট সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দাখিল প্রক্রিয়াধীন রয়েছে মর্মে মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন।<br><br>বিস্তারিত আলোচনান্তে, সিস্টেম লসের কারণসমূহ চিহ্নিতকরণ ও সমস্যা সমাধানের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এবং গৃহীত পদক্ষেপ দ্রুত বাস্তবায়নের মাধ্যমে সিস্টেম লস কমিয়ে আনার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সিস্টেম লস যেন না হয় সে বিষয়ে করণীয় সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (ক) সিস্টেম লসের কারণসমূহ চিহ্নিতকরণ ও সমস্যা সমাধানের বিষয়ে অগ্রগতি সময়ে সময়ে ব্যবস্থাপনা পরিচালক-কে অবহিত করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ভবিষ্যতে সিস্টেম লস/কারিগরী লস দূরীকরণের লক্ষ্যে কোম্পানির রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে। | - মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট)<br>- মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)<br>-মহাব্যবস্থাপক (অপারেশন)<br><br>-উপ-মহাব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট) |

Scanned with CamScanner

| ক্রমিক নং | আলোচনার বিষয়সমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ১.৮। | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে:**<br>সভাপতি কোম্পানির অডিট সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (কোম্পানি অডিট) বলেন, মার্চ-২০২৪ এর মাঝামাঝি বানিজ্যিক অডিট অধিদপ্তর হতে অডিট টিম জিটিসিএল এ আগমন করবে এবং বিগত তিন অর্থবছরের অডিট কার্যক্রম সম্পন্ন করবে। তিনি অডিট টিমের কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য উপস্থিত সকলকে বিনীত অনুরোধ জানান। | অডিট কার্যক্রম চলাকালীন সময়ে অডিট টিমকে প্রয়োজনীয় সহযোগীতা করতে হবে। | -সকল মহাব্যবস্থাপক<br>-সকল উপ-মহাব্যবস্থাপক<br>-সকল প্রকল্প পরিচালক |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/৩/২৪

(শাহনেওয়াজ পারভেজ)
ব্যবস্থাপনা পরিচালক, চলতি দায়িত্ব

অনুলিপিঃ
১। সচিব, পেট্রোবাংলা।
২। সকল ডিভিশন প্রধান, জিটিসিএল-------------------------
৩। সকল প্রকল্প/ডিপার্টমেন্ট/স্থাপনা প্রধান, জিটিসিএল.........................................|
৪। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
৫। অফিস কপি।

Scanned with CamScanner